

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১/২০১৪

অভিযোগকারী : জনাব নাজমুস সাকিব

পিতা-ফরিদুল আলম
এফ আর টাওয়ার, ৮/সি পাহুপথ
সুক্রাবাদ, ঢাকা-১২০৭।

প্রতিপক্ষ : জনাব হুমায়ুন কবির

পরিচালক (প্রশাসন)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

জাতীয় মানবাধিকার কমিশন

গুলফেশা প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা

পারভীন সড়ক, মগবাজার, ঢাকা-১২১৭।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৪-০৩-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব নাজমুস সাকিব তার দাখিলকৃত অভিযোগে উল্লেখ করেন যে, ৯৬/২০১৩ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ৩১-১০-২০১৩ তারিখের মধ্যে তথ্য সরবরাহ করেননি। জাতীয় মানবাধিকার কমিশন এর পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব হুমায়ুন কবির তথ্য সরবরাহ না করায় প্রার্থীত তথ্য পেতে অভিযোগকারী পুনরায় ১৩-০১-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ০৯-০২-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৩-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ০২-০৩-২০১৪ তারিখে সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয় এবং ২৪-০৩-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব নাজমুস সাকিব গরহাজির। প্রতিপক্ষ জাতীয় মানবাধিকার কমিশনের পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব হুমায়ুন কবির হাজির। শুনানীর ধার্য তারিখ সকাল ১০:৫৫ মিঃ অভিযোগকারীর সাথে তথ্য কমিশনের কম্পিউটার অপারেটর জনাব মোঃ মিজানুর রহমান এর টেলিফোনিক আলাপ হয়। আলোচনায় জানা যায় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক আবেদনকারীকে তথ্য মূল্য পরিশোধ করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর সাথে যোগাযোগ করে তথ্য মূল্য পরিশোধপূর্বক তথ্য সংগ্রহ করবেন বলে অভিযোগকারী অবহিত করেন। এ কারণে তিনি শুনানীকালে গরহাজির আছেন।

০৫। জাতীয় মানবাধিকার কমিশনের পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী পুনরায় আবেদন করার পর জাতীয় মানবাধিকার কমিশনের সভায় বিষয়টি উত্থাপন করা হলে অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগকারীকে তথ্য মূল্য পরিশোধপূর্বক তথ্য গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

(অ:প্:দ্র:)

পর্যালোচনা।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শ্রবনান্তে ও দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য মূল্য পরিশোধপূর্বক তথ্য গ্রহণের জন্য অভিযোগকারীকে পত্র প্রেরণ করেছেন। অভিযোগকারী পত্র পেয়েছেন এবং তথ্য মূল্য পরিশোধপূর্বক তথ্য সংগ্রহ করবেন মর্মে টেলিফোনিক আলাপে বিষয়টি নিশ্চিত করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য জাতীয় মানবাধিকার কমিশনের পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা প্রদান করা হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো। সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার